# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**অক্টোবর, ২০২১ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ । |
| তারিখ | ঃ | ২১ অক্টোবর ২০২১। |
| সময় | ঃ | সকাল ১১:০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান ও সকল সদস্য এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী আলোচনা :**

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রকৌশলী এলজিইডি. ফুলবাড়ী। |
| চেয়ারম্যান উপজেলা পরিষদ | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বন্যা ও অতিবৃষ্টির কারণে পানিমাছকুটি ঈদগাহ মাঠ হতে জকুর টল পর্যন্ত কাঁচা রাস্তাটি ধ্বসে যাওয়ায় জনসাধারণের চলাচলে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। রাস্তাটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতের অর্থ দ্বারা মেরামত করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলী, এলজিইডি উক্ত কাজের জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকার প্রাক্কলন দাখিল করেছেন, যা সভায় অনুমোদিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় আলোচনান্তে রাস্তাটি ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতের ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা দ্বারা নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মেরামতের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১) প্রকল্পের নাম : ২০২১- ২০২২ অর্থবছরে পানিমাছকুটি ঈদগাহ মাঠ হতে জকুরটল পর্যন্ত কাঁচা রাস্তা মেরামত।<br>প্রাক্কলিত অর্থ : ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি:<br>১) জনাব মো: আব্দুল লতিফ, ভাইস-চেয়ারম্যান, প্র: সভাপতি<br>২) জনাব মো: মজিবর রহমান, বীর মুক্তিযোদ্ধা- : সেক্রেটারি<br>৩) " মো: আব্দুল বাতেন, ইমাম- সদস্য<br>৪) " মো: দেলোয়ার হোসেন, শিক্ষক- সদস্য<br>৫) " মো: ওবায়দুল হক, সমাজসেবক- সদস্য | ১)চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২) উপজেলা নির্বাহী অফিসার। |

(চলমান/২)

| | | | |
|---|---|---|---|
| | (২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার-১ মেরামত/সংস্কার করা জরুরী প্রয়োজন। ভবনটি ২০২১- ২০২২ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ খাতের অর্থ দ্বারা মেরামত/ সংস্কার করা যেতে পারে। উপজেলা প্রকৌশলী, এলজিইডি উক্ত কাজের জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকার প্রাক্কলন দাখিল করেছেন, যা সভায় অনুমোদিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় আলোচনান্তে ভবনটি ২০২১- ২০২২ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাতের ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা দ্বারা নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মেরামত/সংস্কারের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১) প্রকল্পের নাম : ২০২১- ২০২২ অর্থবছরে উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার-১ মেরামত/সংস্কার।<br>প্রাক্কলিত অর্থ : ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা<br>**প্রকল্প বাস্তবায়ন কমিটি:**<br>১)মোছা:জান্নাতি বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান, প্র: সভাপতি<br>২) জনাব মো: হুমায়ন কবির, বীর মুক্তিযোদ্ধা- প্র: সেক্রেটারি<br>৩) " মো: আব্দুল বাতেন, ইমাম- সদস্য<br>৪) " মো: মিজানুর রহমান, শিক্ষক- সদস্য<br>৫) " মো: জোবেদ আলী, সমাজসেবক- সদস্য | ১)চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২) উপজেলা নির্বাহী অফিসার। |
| | (৩) গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম তাঁর অফিস মেরামত/ সংস্কারের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার একখানা প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১- ২০২২ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ খাতের অর্থ দ্বারা অফিসটি পার্শ্বে বর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মেরামত/ সংস্কার করা যেতে পারে। | ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ খাতের অর্থ দ্বারা অফিসটি পার্শ্বে বর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মেরামত/ সংস্কার করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রকল্পের নাম: উপজেলা সমাজসেবা অফিস মেরামত/সংস্কারকরণ<br>প্রাক্কলিত মূল্য: ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা<br>**প্রকল্প বাস্তবায়ন কমিটি:**<br>১)মোছা:জান্নাতি বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান, প্র: সভাপতি<br>২) জনাব মো: মজিবর রহমান, বীর মুক্তিযোদ্ধা- প্র: সেক্রেটারি<br>৩) " মো: আব্দুল বাতেন, ইমাম- সদস্য<br>৪) " মো: মিজানুর রহমান, শিক্ষক- সদস্য<br>৫) " মো: ওবায়দুল হক, সমাজসেবক- সদস্য | |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগ কর্তৃক বাস্তবায়িত সেপ্টেম্বর ২০২১ মাসের কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক ১) গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে ২৩১৭টি। ২) হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ১১৩০৬টি ৩) গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ৭২২০টি ৪) হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে-৪৪৫০০টি ৫) পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০২টি, ৬) গবাদি পশুর কৃত্রিম প্রজনন করা হয়েছে ২৮০টি এবং ৬) সংকর জাতের বাচ্চা উৎপাদন করা হয়েছে ১১২টি । | বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৩)

| | | | |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। ফুলবাড়ী হাসপাতালে আউটডোর ও ইনডোরে চিকিৎসা সেবা স্বাভাবিক ভাবে চলছে। করোনা ভাইরাসের টিকা নিয়মিতভাবে দেয়া হচ্ছে। তিনি স্কুল, কলেজ ও মাদ্রাসায় হ্যান্ড স্যানিটাইজার ও সাবান ব্যবহার বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | সভায় আলোচনান্তে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান বৃদ্ধি করতে হবে। করোনা ভাইরাসের টিকা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br>১) রোপা আমন ধান কর্তন শুরু হয়েছে। এখন পর্যন্ত প্রায় ১০৫০ হে: জমির ধান কর্তন সম্পন্ন হয়েছে। রোপা আমন ধানের গড় ফলন ৪.৮ মে: টন/হেক্টর। আশা করা যায় যে, আবহাওয়া অনুকূলে থাকায় এবং রোগ বালাইয়ের প্রার্দুভাব কম থাকায় আমন ধানের ফলন ভাল হবে।<br>২) ২০২১-২২ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে ৯টি ফসলের উপর ৩২৯০ জন কৃষককে বিনা মূল্যে বীজ ও সার সরবরাহ করা হবে। ইতোমধ্যে ইউনিয়ন ভিত্তিক বিভাজন দেয়া হয়েছে। এই মাসের মধ্যে উপকরণ দেয়া হবে।<br>৩) তিনি জানান সমন্বিত খামার যান্ত্রিকরণ প্রকল্পের আওতায় ১৫০ বিঘা জমিতে বোরো ধান চাষের জন্য কৃষকদের মাঝে ২০০০ ট্রে ও একটি বীজ ছিটানোর যন্ত্র বিনা মূল্যে বিতরণ করা হবে। যাতে কৃষকরা যান্ত্রিক কৃষির সুফল লাভ করেন।<br>৪) আগাম শীতকালীন সবজির ফলন আশানুরূপ হয়েছে। সবজি চাষীদের সবধরণের পরামর্শ দিয়ে সহযোগিতা করা হচ্ছে।<br>৫) সার ও বালাই নাশকসহ কৃষি উপকরণ পরিস্থিতি ভাল, কোন সমস্য নেই। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকরণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। করোনা ভাইরাসের প্রকোপ যাতে বাড়তে না পারে সে বিষয়ে পুলিশি প্রচেষ্টা অব্যাহত রয়েছে। তিনি মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে অভিযান পরিচালনাকালে জনসাধারণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান সেপ্টেম্বর ২০২১ মাসে ফুলবাড়ী থানায় রুজুকৃত মামলার সংখ্যা ২৮টি, নারী নির্যাতন-০১টি, মাদক মামলা ২৪টি,, চুরি ০১টি, পাসপোর্ট ০১টি এবং অন্যান্য ০১টি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | করোনা পরিস্থিতি মোকাবেলাসহ মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখার পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | ১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা। |

(চলমান/৪)

<table>
<tr>
<td>আনসার ও ভিডিপি</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সামগ্রিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে উপজেলা সংলগ্ন জায়গায় ১৫ শতাংশ ভূমি/খাস জমি বরাদ্দকরণ সংক্রান্ত মতামতের জন্য মন্ত্রিপরিষদ পরিষদ, প্রকল্প অধিশাখার স্মারক নং- ০৪.০০.০০০০.৮১২.৫১.০০২.২১-১৮৯, তারিখ : ১৬/০৯/২০২১ এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (রাজস্ব শাখা)এর ০৭/১০/২০২১ তারিখের ৩১.৪৭.৪৯০০. ০০৬.২২.০০৮ (অংশ-৯).২১-১১১৬ পাওয়া যায়। পত্র খানা সভায় পাঠ করে শোনানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ফুলবাড়ী উপজেলা পরিষদের অভ্যন্তরে কোন খাস জমি নেই এবং উপজেলা পরিষদে জায়গা সংকুলান না হওয়ায় ১৫ শতাংশ জমি বরাদ্দ দেয়া সম্ভব নয়। তবে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের আলোকে দেশের প্রতিটি উপজেলায় বিদ্যমান কোর্ট বিল্ডিং এর স্থলে সম্মিলিত অফিস ভবন নির্মিত হলে উক্ত ভবনে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় কক্ষ বরাদ্দ দেয়া হবে।</td>
<td>ফুলবাড়ী উপজেলা পরিষদের অভ্যন্তরে কোন খাস জমি নেই এবং উপজেলা পরিষদে জায়গা সংকুলান না হওয়ায় ১৫ শতাংশ জমি বরাদ্দ দেয়া সম্ভব নয়। তবে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের আলোকে দেশের প্রতিটি উপজেলায় বিদ্যমান কোর্ট বিল্ডিং এর স্থলে সম্মিলিত অফিস ভবন নির্মিত হলে উক্ত ভবনে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য কক্ষ বরাদ্দ দেয়া হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নি[illegible] অফিসার।</td>
</tr>
<tr>
<td>উপজেলা প: প: বিভাগ</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত সেপ্টেম্বর মাসে তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়।
<table>
<tr><th rowspan="2">পদ্ধতির নাম</th><th colspan="2">গ্রহণকারী</th><th rowspan="2">প্রজেকশন</th><th rowspan="2">বিতরণ ও সম্পাদন</th></tr>
<tr><th>সংখ্যা</th><th>হার</th></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>১৬২০৯</td><td>৩৮.৩৩%</td><td>৩৯%</td><td>১৩৯০৮(চক্র)</td></tr>
<tr><td>কনডম</td><td>১০৯৩</td><td>(-)৪.৪২%</td><td>৭%</td><td>৬০৩৫পিস</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৯৩১১</td><td>২২.০২%</td><td>১৯%</td><td>২৭২৮ ভায়াল</td></tr>
<tr><td>অস্থায়ী মোট</td><td>২৬৬১৩</td><td>৬২,৯৩%</td><td>৬৫%</td><td>-</td></tr>
<tr><td>আইইউডি</td><td>৮০৮</td><td>(২).০৯%</td><td>৪%</td><td>৮৩(পিস)</td></tr>
<tr><td>ইমপ্লান্ট</td><td>১৫৯২</td><td>৩.৭৬%</td><td>৪%</td><td>৪০(পিস)</td></tr>
<tr><td>পুরুষ স্থায়ী</td><td>১৯২৫</td><td>৪.৫৫%</td><td>৫%</td><td>০৬ জন</td></tr>
<tr><td>মহিলা স্থায়ী</td><td>২৯৪০</td><td>৬.৯৫%</td><td>৭%</td><td>০৬ জন</td></tr>
<tr><td>স্থায়ী ও দীর্ঘ মেয়াদী</td><td>৭২৬৫</td><td>১৭.১৮%</td><td>২০%</td><td></td></tr>
<tr><td>সর্বমোট:</td><td>৩৩৮৭৮</td><td>৮০.১৩%</td><td>৮৫%</td><td></td></tr>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>৪২২৭৯</td><td></td><td></td><td></td></tr>
</table>
</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আরো জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা প:প: কর্মকর্তা, ফুলবাড়ী</td>
</tr>
<tr>
<td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো জানান,<br>১) উপজেলা শিক্ষা অফিসের মেরামত কাজ স্থগিত রয়েছে। অফিস কক্ষসমূহের মেরামত কাজ সম্পন্ন না হওয়ায় অফিসের রেকর্ডপত্র বিনষ্টসহ দাপ্তরিক কার্যাদি পরিচালনায় অসুবিধার সৃষ্টি হচ্ছে।<br>২। উপজেলা পরিষদের তৃতীয় তলার সিঁড়ির রুমের উভয় পার্শ্বে ভবনের মধ্যস্থলে ফাঁকা থাকায় বৃষ্টির বৃষ্টির পানি অফিস কক্ষে ঢুকাতে আসবাবপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র নষ্ট হচ্ছে।<br>৩) স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
</table>

(চলমান/৫)

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে। (ক) অক্টোবর, ২০২১ পর্যন্ত আত্মকর্মসংস্থান রাজস্ব খাতে ৭৮৭ জনকে ১,৪৬,৭৪,০০০/- টাকা বিতরণ করা হয়েছে।<br>(খ)অক্টোবর, ২০২১ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১২৯ জনকে ১৭৫৬৫৯০০০/- টাকা বিতরণ করা হয়েছে।<br>(গ) অক্টোবর, ২০২১ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পে ৩২৯ জনকে ১০৩৫৫০০০/- টাকা বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক।<br>(৪) অক্টোবর, ২০২১ পর্যন্ত ৭৫৩৯ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(৫) ঋণ আদায়ে হার আত্মকর্ম-৮১%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৪% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।<br>অফিস ঘরের ছাউনি/ মেরামত করতে কি পরিমাণ অর্থ ব্যয় হবে সে বিষয়ে পরবর্তী সভায় প্রাক্কলন দাখিল করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ০৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১ চলমান। ব্যাপব প্রচারনাসহ বিভিন্ন হাট-বাজারে আমাদের অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। | মৎস্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ মৎস্যচাষের উপর মৎস্যজীবী ও জনসাধারণের প্রশিক্ষণ বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী। |
| ত্রান বিভাগ (পিআইও) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যাক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | অসমাপ্ত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ভিজিডি, মাতৃত্বকাল ভাতা এবং আয়বর্ধক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>১। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এসএসসি/সমমান ২০২১, দাখিল-২০২১, এইচএসসি ২০-২১ এ্যাসাইনমেন্ট এর নম্বর এন্ট্রির কার্যক্রম চলমান। যা প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে তদারকি করা হচ্ছে মর্মে জানান।<br>২। এসএসসি/সমমান ২০২১, দাখিল-২০২১ আগামী ১৪/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত হবে মর্মে শিক্ষা বোর্ডের নির্দেশনা মোতাবেক প্রবেশপত্র গ্রহণ কার্যক্রম চলমান।<br>৩। শেখ রাশেল দিবস উপলক্ষে কুইজ, উপস্থিত বক্তৃতা ও চিত্রাংকন প্রতিযোগিতা<br>৪। ১২ থেকে ১৮ বছর বয়সী কিশোরীদের আয়রণ ফলিক এ্যাসিড ট্যাবলেট গ্রহণের উদ্দেশ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলবাড়ী ও জেলা শিক্ষা অফিস, কুড়িগ্রামে তথ্য প্রেরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয় সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |

(চলমান/৬)

| | | | |
|---|---|---|---|
| | ৫। ভ্যাকসিন প্রদানের উদ্দেশ্যে ১২ থেকে ১৭ বছর বয়সী সকল শিক্ষার্থীর তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান।<br>৬। বার্ষিক শিক্ষা জরিপ ২০২১ এর তথ্য হালনাগাদকরণের উদ্দেশ্যে প্রতিষ্ঠান পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান।<br>৭। প্রতিমাসে প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীর উপস্থিতি শীটে প্রতিস্বাক্ষর কার্যক্রম চলমান।<br>৮।useofulbarikurigram ফেসবুক ID--তে সকলে শিক্ষক যুক্ত হবেন (প্রতিষ্ঠানের সকল শিক্ষক)।।<br>৯। প্রতিষ্ঠানের অবশ্যই ফেসবুক আইডি থাকতে হবে। প্রধানের মোবাইল সেটে imu, whats app. messenger চালু রাখতে হবে। | | |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো জানান যে, চলতি অর্থ বছরের ১ম কিস্তি জুলাই-সেপ্টেম্বর ২০২১ এর পে রোল প্রেরণের চলমান পেরোল প্রদানের পূর্বে সকল ভাতাভোগী হিসাব নম্বর যাচাই চলছে। যাচাইয়ে দেখা যায় যে, অনেক ভাতা ভোগীর মোবাইল নম্বর বন্ধ। যে কারণে হিসাব নম্বরটি যাচাই করা সম্ভব হচ্ছে না। ভাতাভোগীগণ যাতে নিজ নিজ মোবাইল নম্বর স্বচল রাখে সে বিষয়ে সংশ্লিষ্ট সকল ভাতাভোগীকে পরামর্শ দেয়ার জন্য তিনি সকল জনপ্রতিনিধিকে অনুরোধ জানান। তা না হলে ভাতাভোগীর অর্থ মিসিং হওয়ার সম্ভাবনা রয়েছে।<br>২। ইতিপূর্বে বিভিন্ন ভাতাভোগীদের মধ্যে অনুপযুক্ত ব্যক্তি এযমন প্রতিবন্ধী না হয়েও প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি, বিধবা ও স্বামী নিগৃহিতা না হয়েও ভাতা পাচ্ছেন মর্মে অভিযোগের প্রেক্ষিতে অনুরূপ ভাতাভোগীদের তালিকা প্রেরণের জন্য পত্র দেয়া হলে কোন ইউনিয়ন পরিষদ তালিকা করেননি। ফলে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। ফলে যোগ্য ব্যক্তিকে ভাতার আওতায় আন সম্ভব হচ্ছে না। দ্রুত তালিকা প্রদানের জন্য ইউপি সচিবকে অনুরোধ করা হয়।<br>৩। ঋণ বিতরণ কাযক্রমসমূহের আওতায় অনাদায়ী বিনিয়োগ ও পুন: বিনিয়োগের মোট আদায় ও পুন: বিনিয়োগ কার্যক্রম চলমান।<br>৪) সরকার ঘোষিত ০৬ (ছয়)টি রোগের চিকিৎসায় নির্ধারিত ফরমে আবেদন জমা দেয়া যাবে মর্মে উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান।<br>৫) বাংলাদেশে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রদানের আওতায় ১০(দশ)টি আদি পেশার অন্তর্ভুক্তি ১৭+ ব্যক্তিদেরকে জাতীয়ভাবে অন্তর্ভুক্ত করার নির্দেশনা এসেছে। উক্ত নির্দেশনা অনুযায়ী জরিপ কার্যক্রম পরিচালনা হবে। তাই সকল ব্যক্তিকে জরিপভুক্ত হওয়ার জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহের প্রদান হয়।<br>৬। হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় উপজেলা রোগী কল্যাণ সমিতির আজীবন সদস্য, দাতা সদস্য হওয়ার জন্য অনুরোধ করা হয়। আজীবন সদস্যের জন্য এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা (৪ কিস্তিতে প্রদেয়) ও দাতা সদস্যের এককালীন ৩,০০০/- (তিন হাজার) টাকা নির্ধারিত হয়েছে। সদস্য বাড়ানোর মাধ্যমে আর্থিক প্রবাহ বাড়বে এবং হাসপাতাল সমাজসেবা কার্যক্রমটি যথাযথভাবে পরিচালনা করার জন্য অনেক অসহায় মানুষ সেবা পাবে বলে জানান। বর্তমান রোগী কল্যাণ সমিতির অর্থায়নে ফুলবাড়ী স্বাস্থ্য কমপ্লেক্স, শিশুদেরকে ৮০০/- (আটশত) টাকা মূল্যমানের (বেবি ক্রীপ্ট) উপহার দেয়া হচ্ছে। | ১। বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মোবাইল নম্বর স্বচল সকল ভাতাভোগীকে পরামর্শ দেয়ার জন্য সকল জনপ্রতিনিধিকে (ইউপি সদস্য/ চেয়ারম্যান) অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। ইউপি চেয়ারম্যান সকল। |

(চলমান/৭)

| | | | |
|---|---|---|---|
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| বিবিধ | (১) সভায় মহিলা ভাইস-চেয়ারম্যান জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং দুইজন ভাইস-চেয়ারম্যানের জুলাই ২০২১ হতে অক্টোবর ২০২১ মাসের ভ্রমণ ব্যয় অপরিশোধিত রয়েছে। সরকারি বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণের লক্ষ্যে ভ্রমন করা হয়ে থাকে। তিনি বকেয়া ভ্রমন ব্যয়ের বিল প্রদানের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং দুইজন ভাইস-চেয়ারম্যানের জুলাই ২০২১ হতে অক্টোবর ২০২১ মাসের ভ্রমণ ব্যয় বিল অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (২) উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিসে ব্যবহারের জন্য সিএ কাম স্টেনো এর জুলাই ২০২১ থেকে অক্টোবর ২০২১ মাসের মডেম খরচ বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। | জুলাই ২০২১ থেকে অক্টোবর ২০২১ মাসের মডেম খরচ বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা ব্যয়ের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১০/২০২২

(মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

তারিখ : ১১ কার্তিক, ১৪২৮ / ২৭ অক্টোবর, ২০২১

**স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২১-৯৪৭**

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সচিব/সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব/সচিব, ..............................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
১০। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
১১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। ভাইস-চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। উপজেলা..................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫। চেয়ারম্যান.......................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬। জনাব..................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭। অফিস নথি।

২৭/১০/২১

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

| |
|---|
| শেখ হাসিনার দর্শন<br>বাংলাদেশের উন্নয়ন |

# উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

মুজিব শতবর্ষ

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ - ৯০৪(৪০)

তারিখ ঃ ০১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ২১ অক্টোবর ২০২১ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের অক্টোবর ২০২১ মাসের মাসিক সভা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ২০-১০-২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

১৭/১০/২১

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭/১০/২১

বিতরণ কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
১৯) চেয়ারম্যান,........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২০) জনাব.........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ -৩০৪/১(৪০) তারিখ ঃ ০১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।

২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।

৫। অফিস নথি।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : অক্টোবর ২০২১ সভার তারিখ: ২১/১০/২০২১ সময় : সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01735202710 | Fulbari@UHFPO.DGHS.gov.BD. | [signature] |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম (ভারপ্রাপ্ত) | 01722783532 | astia.sharmin.usha@gmail.com | [signature] |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716-853619 | krishna.net67@gmail.com | [signature] |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01320133438 | ocfulbarithana@gmail.com | [signature] |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01741641056 | Raikosgolo98@gmail.com | [signature] |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716756647 | ue.ful.kur@gmail.com | [signature] |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01932 49?41 [illegible] | jeoful kuri@[illegible] | [signature] |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | useo,[illegible] gram@gmail.com | [signature] |
| ১৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01708415117 | usso.phulbari@gmail.com | [signature] |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | SabujKumargupta07@gmail.com | [signature] |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01321362300 | mdsamsulhuda@81@gmail.com | [signature] |
| ১৬ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716415990 | upazilacoopphulbari@gmail.com | [signature] |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720334084 | UFPOfulbari20 gamil.com | [signature] |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722 4930 930 | | [signature] |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717413762 | dydPhulkuri@.gmail.com | [signature] |
| ২০ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী | 01710425104 | hasandpi10@gmail.com | [signature] |
| ২১ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র,ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415111 | — | [signature] |

উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : অক্টোবর ২০২১ সভার তারিখ: ২১/১০/২০২১ সময় : সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | চেয়ারম্যান,ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৮-৫৫২০১৬ | | [illegible] |
| ৭ | মো: মইনুল হক (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | | | |
| ৮ | মোছা: রাহিলা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ | | | |
| ৯ | মোছা: আছমা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ | | | |